# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৫৯

১৬. জিহাদ অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৮. জিহাদ থেকে পিছিয়ে থাকার ওযর

بَاب الْعُذْرِ فِي التَّخَلُّفِ عَنْ الْجِهَادِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ أَنْبَأَنَا أَبُو إِسْحَقَ قَالَ سَمِعْتُ الْبَرَاءَ يَقُولُ لَمَّا نَزَلَتْ هَذِهِ الْآيَةُ لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنْ الْمُؤْمِنِينَ دَعَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَيْدًا فَجَاءَ بِكَتِفٍ فَكَتَبَهَا وَشَكَا ابْنُ أُمِّ مَكْتُومٍ ضَرَارَتَهُ فَنَزَلَتْ لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنْ الْمُؤْمِنِينَ غَيْرُ أُولِي الضَّرَرِ

বাংলা

২৪৫৯. বারা’ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, যখন এ আয়াতটি: “মুমিনদের মধ্যে যারা (জিহাদে না গিয়ে) বসে থাকে, তারা সমান নয়।” (সুরা নিসাঃ ৯৫) নাযিল হলো, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যায়দ রাদ্বিয়াল্লাহু আনহু-কে ডেকে নিলেন। তিনি কোন জন্তুর কাঁধের চওড়া হাড় নিয়ে আসেন এবং তাতে উক্ত আয়াতটি লিখে রাখেন। ইবনু উম্মু মাকতুম তাঁর দৃষ্টিহীনতার ব্যাপারে অভিযোগ করলে নাযিল হয়: “মুমিনদের মধ্যে যারা (জিহাদে না গিয়ে) বসে থাকে, তারা সমান নয়, তবে ওযরগ্রস্ত ব্যক্তি ব্যতীত......।” (সুরা নিসাঃ ৯৫)।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, জিহাদ ২৮৩১, ২৮৩২; মুসলিম, ইমারাহ ১৮৯৮।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৭২৫ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82742

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন